বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

স্মারক নং ৪৭.৬২.৭২৭৪.০০০.০৬.০৭১.১৯.৬৮৪/১ তারিখ: ০২/১১/২০২১ খ্রি:

## সভার নোটিশ

আগামী ০৪/১১/২০২১ খ্রি: তারিখ বেলা ১২.০০ ঘটিকায় নেত্রকোণা সদর উপজেলা পরিষদের পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা মহোদয়ের সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য কমিটির সকল সম্মানীত সদস্যবৃন্দকে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী:

০১। বিগত সভার কাযবিবরনী পাঠ ও দৃঢ়করণ।
০২। উপজেলা পরিষদে অনুমোদনের নিমিত্তে প্রকল্প নির্বাচন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তগ্রহণ।
০৩। বিবিধ।

(মুহাম্মদ রাশিদুল ইসলাম)
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও
সদস্য-সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

প্রাপক:

.................................

নেত্রকোণা সদর, নেত্রকোণা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

০১। ভাইস চেয়ারম্যান ও সভাপতি, পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি ,উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৪। অফিস কপি।

**নেত্রকোণা সদর উপজেলা পরিষদের পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী**

অধিবেশন নং- ০৩/২০২১-২০২২

সভার স্থান: সভাপতি মহোদয়ের কার্যালয়, নেত্রকোণা সদর উপজেলা পরিষদ, নেত্রকোণা।

তারিখ: ০৪/১১/২০২১ খ্রি:

সময়: বেলা ১২.০০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানীত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর

| ক্র: নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মো: আব্দুল খালেক তালুকদার | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সভাপতি | |
| ০২ | জনাব মো: আ: জব্বার ফকির | চেয়ারম্যান, চল্লিশা ইউনিয়ন পরিষদ নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য | |
| ০৩ | জনাব ফরিদ আহমেদ ফকির | চেয়ারম্যান, মদনপুর ইউনিয়ন পরিষদ নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য | |
| ০৪ | জনাব মো: আনোয়ার হোসেন | চেয়ারম্যান, কাইলাটি ইউনিয়ন পরিষদ নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য | |
| ০৫ | জনাব এআর আলী আজগর খান শারীফ | চেয়ারম্যান, কে-গাতী ইউনিয়ন পরিষদ নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য | |
| ০৬ | মুহাম্মদ রাশিদুল ইসলাম | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য- সচিব | |

অদ্যকার সভার সভাপতি জনাব মো: আব্দুল খালেক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। শুরুতে সভাপতি সাহেব উপস্থিত সকল সম্মানীত সদস্যবৃন্দকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন এবং দিনের আলোচ্যসূচী মোতাবেক সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব মুহাম্মদ রাশিদুল ইসলাম সাহেবকে অনুরোধ জ্ঞাপন করেন।

আলোচ্যসূচী-১: বিগত সভার কার্য্যবিবরণী পাঠ ও অনুমোদন।

সভায় ইউআরডিও সাহেব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান । এই নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে তা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্য সূচীঃ-২ উপজেলা পরিষদে অনুমোদনের জন্য প্রকল্প নির্বাচন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান উপজেলা বিআরডিবি অফিসের পূর্ব পাশে একটি উন্মুক্ত টয়লেট রয়েছে। মুসল্লিদের সুবিধার্থে তৈরি করা হলেও এটি উন্মুক্ত হওয়ার কারণে সবসময় এখানে বিভিন্ন লোকজন, বিশেষ করে বাইরের লোকজন

CamScanner

যত্রতত্রভাবে ব্যবহার করছেন। এটি উন্মুক্ত হওয়ার কারণে একদিকে যেমন এটি দৃষ্টিকটু অন্যদিকে বেলা বারোটার পর থেকে টয়লেট ~~নিশ্চুতে~~ প্রচন্ড দুর্গন্ধ চারদিকে ছড়িয়ে পড়ে। বিআরডিবি উপজেলা কার্যালয়ের বিভিন্ন মহিলা সংগঠন রয়েছে, এছাড়া বিআরডিবি নেত্রকোনা সদর উপজেলায় মহিলা উন্নয়ন বিভাগ নামে বিআরডিবির একটি স্পেশাল কর্মসূচি রয়েছে, যাতে শুধুমাত্র মহিলাদের জন্য বিভিন্ন কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। এখানে মহিলারা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হওয়ার লক্ষ্যে সমিতি গঠন করেন, ঋণ গ্রহণ করেন, কিস্তি পরিশোধ করেন এবং সমিতির বিভিন্ন সাংগঠনিক কার্যক্রম পরিচালনা করেন। এসব কার্যাদি সম্পাদন এর জন্য প্রতিদিন কোন না কোন সংগঠনের মহিলাদের বিআরডিবি কার্যালয়ে আসতে হয়। টয়লেটটি বিআরডিবি কার্যালয়ের সংযোগ সড়কে হওয়ায় আগত মহিলারা প্রায়শই বিব্রতকর পরিস্থিতিতে পড়েন। এছাড়া টয়লেট ব্যবহারকারী অনেকেই প্রস্রাব করে ঢিলা কুলুব ব্যবহার করেন এবং এ রাস্তা দিয়ে হাটাহাটি করেন, ফলে এটি অত্যন্ত দৃষ্টিকটু ব্যাপার হয়ে দাঁড়ায়। এছাড়া টয়লেটটির পাশে উপজেলা নির্বাচন অফিস এবং পল্লী সঞ্চয় ব্যাংক অবস্থিত হওয়ায় এখানে আগত উপকারভোগী বিশেষ করে মহিলারা এহেন সমস্যায় পড়েন। এসময় তিনি আরো বলেন যে টয়লেটটির সামনে একটি দেয়াল স্থাপন করতে পারলে একটি দৃষ্টির আড়ালে হবে ফলে কিছুটা হলেও স্বস্তিকর পরিবেশ তৈরি হবে এবং এখানে চলাচলকারী বিশেষ করে এলাকার উপকারভোগী মহিলারা স্বচ্ছন্দ বোধ করবেন। এনিয়ে সভায় অনেক বিস্তৃত আলোচনা হয় এবং বিষয়টি অত্যন্ত স্পর্শকাতর হওয়ায় এটি গুরুত্ব সহকারে বিবেচনা করা উচিত মর্মে সকলে অভিমত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে টয়লেটের সামনে একটি দেয়াল স্থাপন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ ব্যাপারে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে সভার পক্ষ থেকে সুপারিশসহ সর্বসম্মতভাবে অনুরোধ জানানো হয়।

আলোচ্যসুচী-৩: বিবিধ।

বিবিধতে কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৪/১১/২১

মোঃ আব্দুল খালেক তালুকদার
সভাপতি
পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা

স্মারক নং ৪৭.৬২.৭২৭৪.০০০.০৬.০১২.১৯.৬৮৭

তারিখ: ০৪/১১/২০২১

অনুলিপি (সদয় অবগতির জন্য):

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৪। চেয়ারম্যান, ...................... ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৫। অফিস কপি।

৪/১১/২১

মুহাম্মদ রাশিদুল ইসলাম
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও
সদস্য- সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

CamScanner